দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

# সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

১৩-৯-৯৩ ইং তারিখে কয়েকটি পত্রিকায় সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক/শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ১৯৯০ ও ১৯৯২ সনেও একই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। স্নাতক বা সমমানের ক্ষেত্রে ২য় বিভাগ চাওয়া হয়েছিল। অথচ ২য় বিভাগের কোন শিক্ষককেই নিয়োগ করা হয়নি। বিশেষ করে ধর্মীয় শিক্ষক আরবী/ইসলামিয়াতে যারা নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের কমপক্ষে তিনটি ১ম বিভাগ ছিল। যদি ১ম বিভাগ বেছে বেছে নেয়া হবে তবে বিজ্ঞপ্তিতে, তাই উল্লেখ করা উচিত ছিল। ২য় বিভাগে পাস করা বেকার ছেলেদের পকেট খালি করার কোন প্রয়োজন ছিল না। অনেকের ধারণা, এবারও তাই করা হবে। কিন্তু এ ব্যবস্থায় যোগ্য শিক্ষক পাওয়া মোটেই সম্ভব নয়। কারণ অনেক সময় বিভিন্ন পন্থা অবলম্বন করে কম মেধাবী ছাত্রও ১ম বিভাগ পেয়ে যান। ফলে তুলনামূলকভাবে মেধাবী এবং উচ্চ ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীরাও পয়েন্টে তাদের পিছনে পড়ে থাকেন।

মাননীয় শিক্ষামন্ত্রী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তাই আবেদন, মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা পদ্ধতি চালু করা হোক।

মুহাঃ আবদুর রশীদ (ইমাম)
১০/২ সায়দাবাদ জামে মসজিদ
ঢাকা-১১০০